দৈনিক ইত্তেফাক

তারিখ ..21 NOV 2016...
পৃষ্ঠা ...১৩ কলাম.... ৩.....

# পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায়!

■ চাটখিল ও সোনাইমুড়ি (নোয়াখালী) সংবাদদাতা

চাটখিলে এসএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ পাওয়া গেছে। অতিরিক্ত অর্থ আদায়ের কোনো রসিদ দেওয়া হচ্ছে না। এতে করে অভিভাবকদের মাঝে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে।

জানা গেছে, চাটখিল উপজেলা পরিষদের সামনে দুটি সরকারি ও ভীমপুর উচ্চ বিদ্যালয়সহ ২৮টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। এগুলোতে এখন এসএসসি পরীক্ষার ফরম পূরণ চলছে। সরকারিভাবে বিজ্ঞান বিভাগে এক হাজার ৪৮৫ টাকা এবং মানবিক ও বাণিজ্য বিভাগে এক হাজার ৩৮৫ টাকা ফি নির্ধারণ করা হয়েছে। তাছাড়া রয়েছে প্রত্যেক পরীক্ষার্থীর ৫শ টাকা করে কেন্দ্র ফি। এখানে বিদ্যালয়গুলো বিভিন্ন অজুহাত দেখিয়ে তিন হাজার ৫শ থেকে সাত হাজার টাকা পর্যন্ত আদায় করছে। এর মধ্যে হীরাপুর, কামালপুরসহ কয়েকটি বিদ্যালয়ে টেস্ট পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণদের কাছ থেকে চার হাজার ৫শ টাকা করে আদায় করা হচ্ছে। এক বিষয়সহ একাধিক বিষয়ে অকৃতকার্যদের কাছ থেকে ছয় থেকে সাত হাজার টাকা পর্যন্ত আদায় করা হয়েছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা জাহিদুল ইসলাম মিঞা, জানান, এ বিষয়ে তিনি কোনো অভিযোগ পাননি। অভিযোগ পেলে তাৎক্ষণিক ব্যবস্থা নেবেন।